

স্মারক নং-হাবিপ্রবি/সংস্থা/ ৭৪২(ক)

তারিখ : ২৩/০১/২০২২ খ্রী:

জরুরী বিজ্ঞপ্তি (সংশোধিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মন্ত্রিপরিষদ বিভাগ এর স্মারক নং: ০৪.০০,০০০০.৫১৪.১৬.০০১.২১.১৪১ ও তারিখ: ২১-১-২০২২ এবং স্মারক নং: ০৪.০০,০০০০.৫১৪.১৬.০০১.২১.১৪১ ও তারিখ ২৩/০১/২০২২ মূলে জারিকৃত বিধি-নিষেধ এর আলোকে হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ২১ জানুয়ারি ২০২২ থেকে আগামী ০৬ ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত শিক্ষা ও প্রশাসনিক কার্যক্রম বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছে। আগামী ০৬ ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত পরিস্থিতি বিবেচনা করে পরিবর্তিত পরিস্থিতিতে নতুন সিদ্ধান্তসমূহ যথাসময়ে জানানো হবে। সকলকে সিদ্ধান্তসমূহ মেনে চলার জন্য অনুরোধ করা হলো।

১. ২১ জানুয়ারি ২০২২ থেকে আগামী ০৬ ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত সকল ক্লাস কার্যক্রম অনলাইনে চলমান থাকবে। স্বশরীরে কোন প্রকার ক্লাস কার্যক্রম অনুষ্ঠিত হবে না।
২. চলমান ও ঘোষিত পরীক্ষাসমূহ ইতোপূর্বে প্রণীত অনলাইন নীতিমালার আলোকে অনুষ্ঠিত হবে।
৩. আগামী ০৬ ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত হলসমূহ কঠোর স্বাস্থ্যবিধি অনুসরণ করে চালু থাকবে, প্রয়োজনে পরিস্থিতি বিবেচনা করে সরকারী সিদ্ধান্তের আলোকে পরবর্তীতে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। কোভিড-১৯ সংক্রমণ প্রতিরোধে আবাসিক এলাকা, হল, মেস এ অবস্থানকালে স্বাস্থ্যবিধি কঠোরভাবে অনুসরণ করতে হবে।
৪. বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কার্যক্রম সীমিত পরিসরে সরকারী বিধি মোতাবেক অর্ধেক সংখ্যক জনবল নিয়ে স্বাস্থ্যবিধি কঠোরভাবে অনুসরণ করে চলমান থাকবে। অন্যান্য কর্মকর্তা/কর্মচারীগণ নিজ কর্মস্থলে অবস্থান করবেন এবং দাপ্তরিক কার্যক্রম ভার্চুয়ালি সম্পন্ন করবেন। এ বিষয়ে ডীন, বিভাগীয় চেয়ারম্যান, শাখা প্রধানদেরকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য বলা হলো। অসুস্থ ও গর্ভধারণকারীদেরকে ক্যাম্পাসে না আসার জন্য বলা হলো।
৫. ক্যাম্পাসে বসবাসরত সকলকে বিনা প্রয়োজনে চলাফেরা হতে বিরত থাকতে বলা হলো। যেকোন প্রকার সভা, সমাবেশ, সামাজিক অনুষ্ঠান, পিকনিক ইত্যাদি থেকে সম্পূর্ণভাবে বিরত থাকতে বলা হলো।
৬. ২০২১ সালের শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম পূর্বঘোষিত সময়-সূচী অনুযায়ী স্বাস্থ্যবিধি কঠোরভাবে অনুসরণ করে অনুষ্ঠিত হবে। অনলাইনে ওরিয়েন্টেশন এবং ক্লাস কার্যক্রমও যথারীতি অনুষ্ঠিত হবে।
৭. বিশ্ববিদ্যালয়ের জরুরী সেবাসমূহ (মেডিক্যাল, পানি, বিদ্যুত, ইন্টারনেট, পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম, নিরাপত্তা ইত্যাদি) যথারীতি চালু থাকবে।
৮. বিশ্ববিদ্যালয়ের সকলকে সরকারী বিধি-নিষেধের আলোকে বিশ্ববিদ্যালয় প্রশাসন কর্তৃক গৃহীত সিদ্ধান্তসমূহ মেনে চলার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়ের আদেশক্রমে

২৩/০১/২০২২

(বীর মুক্তিযোদ্ধা প্রফেসর ডা: ফজলুল হক)